

৩৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
সাধারণ শাখা।
www.munshiganj.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৫৯০০.২০৪.০৩.০১২.(অংশ-৩) - ৩৭৭ (৫)

তারিখ : ২৪/০৪/২০১৬খ্রিঃ


বিষয় : জেলা এনজিও সমন্বয় সভায় অনুপস্থিত থাকায় এবং কার্যপত্র উপস্থাপন না করায় জেলা এনজিও সমন্বয় সভায় অংশ গ্রহণের অনুমতি বাতিলকরণ সংক্রান্ত।

সূত্র : (১) মুন্সীগঞ্জ জেলার ফেব্রুয়ারী/২০১৬ মাসের বেসরকারী সংস্থার (এনজিও) জেলা সমন্বয় সভার কার্যবিবরণীর ৯ নং সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ জেলায় কার্যক্রম পরিচালনাকারী ০৪ (চার) টি এনজিও যথাক্রমে (১) মানব উন্নয়ন সংস্থা (মাউস) (২) সমাজ পরিবর্তন কেন্দ্র (৩) নবরত্ন ফাউন্ডেশন এবং (৪) মাল্টি এক্সসেন ভিলেজ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন বিগত পরপর ০৩ (তিন) টি অথবা ততোধিক সভায় অনুপস্থিত রয়েছেন এবং সভায় কোন কার্যপত্রও দাখিল করেননি। তাই এ জেলার ফেব্রুয়ারী/২০১৬ মাসের বেসরকারী সংস্থা (এনজিও) জেলা সমন্বয় সভার ৯নং সিদ্ধান্ত মোতাবেক এনজিও গুলিকে জেলা এনজিও সমন্বয় সভায় অংশ গ্রহণের অনুমতি বাতিল করা হয়েছে (কার্যবিবরণীর কপি সংযুক্ত)। ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অবগত করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে- কার্যপত্র ০৩ (তিন) পাতা।

মহা- পরিচালক
এনজিও বিষয়ক ব্যুরো
১৩, শহীদ ক্যাপ্টেন মুনসুর আলী স্মরণী
মৎস্য ভবন, রমনা, ঢাকা।


(মোঃ সাইফুল হাসান বাদল)

জেলা প্রশাসক
মুন্সীগঞ্জ

ফোন : ৯৬১১১০০

ফ্যাক্স : ৯৬১২০৭৭

ইমেইল : dcmunshiganj@mopa.gov.bd

বিতরণ : জ্ঞাতার্থে :

.....
.....